গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
www.powerdivision.gov.bd

**বিষয়: আগামী ২৬শে মার্চ ২০২১ তারিখ স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত বিদ্যুৎ বিভাগের কর্মসূচি নির্ধারণ বিষয়ক সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোঃ হাবিবুর রহমান
সচিব, বিদ্যুৎ বিভাগ
তারিখ : ১০ মার্চ ২০২১
সময় : বিকাল ৪.০০ ঘটিকা
স্থান : Zoom প্ল্যাটফর্ম
উপস্থিতি : বিদ্যুৎ বিভাগের সকল কর্মকর্তা এবং আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানি প্রধানগণ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) জানান যে, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদ্‌যাপনের লক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে গত ৩১ জানুয়ারি ২০২১ তারিখ এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ১৭ মার্চ থেকে অর্থাৎ বঙ্গবন্ধুর জন্মদিন থেকে ২৬ মার্চ পর্যন্ত ১০ (দশ) দিনব্যাপী একটি বিস্তারিত কর্মসূচি প্রণয়ন করা হয়। উক্ত সভায় গৃহীত কর্মসূচির মধ্যে বিদ্যুৎ বিভাগ সংশ্লিষ্ট যে সকল কর্মসূচি রয়েছে, সে বিষয়ে উপসচিব (প্রশাসন) সভায় Powerpoint উপস্থাপন করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনার পর ১৭ই মার্চ থেকে ২৬শে মার্চ ২০২১ পর্যন্ত বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদ্‌যাপনের বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১। | ২৫ মার্চ ২০২১ (রাত ৯.০০ থেকে ০৯.০১ মিনিট পর্যন্ত) প্রতীকি ব্ল্যাক আউট ০১ (এক) মিনিটের জন্য (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতিত) এর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | সকল দপ্তর/সংস্থা/ কোম্পানি |
| ০২। | বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/ কোম্পানির ভবনসমূহে ২৬শে মার্চ ২০২১ তারিখে জাতীয় পতাকা উত্তোলন (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে) করা এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে ৫০টি জাতীয় পতাকা সম্বলিত সুবর্ণজয়ন্তী র‍্যালি প্রতিটি জেলায় প্রদক্ষিণ করার বিষয়ে আলোচনা হয়। | এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/ সংস্থা/কোম্পানির কার্যালয়সমূহে ২৬শে মার্চ ২০২১ তারিখ জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে ৫০টি জাতীয় পতাকা সম্বলিত সুবর্ণজয়ন্তী র‍্যালি প্রতিটি জেলায় প্রদক্ষিণ করার বিষয়ে দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | সকল দপ্তর/সংস্থা/ কোম্পানি |
| ০৩। | দপ্তর/সংস্থা/কোম্পানিতে অবস্থিত সকল শিক্ষা প্রতিষ্ঠান ও গ্রন্থাগার এবং মুক্তিযুদ্ধ কর্ণারে এবং মুজিব কর্ণারে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক বই বিতরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে এ বিভাগের দপ্তর/সংস্থা/ কোম্পানিসমূহ তাদের CSR ফান্ড হতে নিজস্ব শিক্ষা প্রতিষ্ঠান ও গ্রন্থাগার এবং মুক্তিযুদ্ধ কর্ণারে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক বই বিতরণ করবে। | সকল দপ্তর/সংস্থা/ কোম্পানি |
| ০৪। | সকল দপ্তর/সংস্থা/কোম্পানির ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্ণার স্থাপনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্ণার স্থাপন এবং নিয়মিত ওয়েবসাইট হালনাগাদ করতে হবে। | বিদ্যুৎ বিভাগের আইসিটি শাখা এবং সকল দপ্তর/ সংস্থা/কোম্পানি |
| ০৫। | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে জেলা-উপজেলায় জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে সম্ভাব্য কর্মসূচি গ্রহণ করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/ কোম্পানিসমূহ জেলা-উপজেলায় জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে কর্মসূচি গ্রহণ করবে। | সকল দপ্তর/সংস্থা/ কোম্পানি |

চলমান পাতা-২

| | | | |
|---|---|---|---|
| ০৬। | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে গৃহীত কর্মসূচিসমূহ বাস্তবায়নে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০৩-০১-২০২১ তারিখের সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে: 'বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ সুবর্ণজয়ন্তী উপলক্ষে তাদের জন্য প্রযোজ্য কর্মসূচি তাদের নিজস্ব বাজেট থেকে বাস্তবায়ন করতে পারে বা অর্থ বিভাগের নিকট অর্থ বরাদ্দ চাইতে পারে।' | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে গৃহীত কর্মসূচিসমূহ বাস্তবায়নে ব্যয়ভার নিজস্ব বাজেট থেকে বহন করতে হবে অথবা অর্থ বিভাগের নিকট থেকে অর্থ বরাদ্দ চাইতে হবে। | বাজেট অধিশাখা এবং সকল দপ্তর/সংস্থা/ কোম্পানি |
| ০৭। | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে আয়োজিত ১০ (দশ) দিনব্যাপী জাতীয় অনুষ্ঠানে দেশব্যাপী নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে। | সকল দপ্তর/সংস্থা/ কোম্পানি |
| ০৮। | (কোনক্রমেই ২৫ মার্চ ২০২১ তারিখ আলোকসজ্জা করা যাবে না। ২৬ মার্চ ২০২১ তারিখ সন্ধ্যা থেকে আলোকসজ্জা করা যাবে) | বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির ভবনসমূহে আলোকসজ্জা করতে হবে। | সকল দপ্তর/সংস্থা/ কোম্পানি |
| ০৯। | ২৬ মার্চ ২০২১ তারিখ দপ্তর/সংস্থা/কোম্পানিতে অবস্থিত স্কুলসমূহে অনুষ্ঠান। | বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/ সংস্থা/কোম্পানিতে অবস্থিত স্কুলসমূহের মাঠে শিশু-কিশোর সমাবেশ, কুচকাওয়াজ, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, জাতীয় সংগীত পরিবেশন এবং ক্রীড়া প্রতিযোগিতা আয়োজনের ব্যবস্থা গ্রহণ। | সকল দপ্তর/সংস্থা/ কোম্পানি |
| ১০। | সংবাদপত্রে বিশেষ নিবন্ধ ও ক্রোড়পত্র প্রকাশ | স্থানীয় সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র এবং পোস্টার প্রকাশ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা/ কোম্পানি |
| ১১। | উপাসনালয়ে মোনাজাত/প্রার্থনা | জাতির শান্তি, সমৃদ্ধি দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে দপ্তর/সংস্থা/ কোম্পানিতে অবস্থিত মসজিদ, মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে মোনাজাত/প্রার্থনা অনুষ্ঠানের আয়োজন করতে হবে। | সকল দপ্তর/সংস্থা/ কোম্পানি |
| ১২। | আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা | ক) 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক নেতৃত্ব এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে দেশের উন্নয়ন' বিষয়ে আলোচনা।<br>খ) জাতীয় পর্যায়ে রচনা ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন<br>গ) দপ্তর/সংস্থা/কোম্পানিতে অবস্থিত সকল শিক্ষা প্রতিষ্ঠানে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করতে হবে। | সকল দপ্তর/সংস্থা/ কোম্পানি |

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২২-০৩-২০২১
(মোঃ হাবিবুর রহমান)
সচিব
বিদ্যুৎ বিভাগ